গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।
www.masscommunication.gov.bd

নং ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পার্ট-১)/২৬৮১০ তারিখঃ ০২.০৪.২০১৯

বিষয়ঃ তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সম্বলিত মার্চ-২০১৯ (২য় পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।

গণযোগাযোগ অধিদপ্তর দেশের ৬৪টি জেলা এবং পার্বত্য এলাকার ৪টি উপজেলাসহ মোট ৬৮টি তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে মাসিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং বিষয়ক আলোচনা সভা, চলচ্চিত্র প্রদর্শনী, কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, মহিলা সমাবেশ, সঙ্গীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদক বিরোধী তথ্য অভিযান এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকান্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকান্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের একটি মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

জেলা তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে মার্চ-২০১৯ (২য় পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযোজনীঃ প্রতিবেদন এক প্রস্থ।

02.04.19

(মোঃ জাকির হোসেন)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন ৮৩৯২২৯৬।
dgmasscommunication@yahoo.com

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিতরণঃ

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সহকারী পরিচালক (বিতরণ), ওয়েবসাইটে প্রকাশের জন্য।

## মার্চ-২০১৯ (২য় পক্ষ)

- **জনমত শিরোনাম**

— ভবিষ্যৎ প্রজন্মকে জাতির পিতার আদর্শে গড়ে তোলার মধ্যদিয়ে সারাদেশে বঙ্গবন্ধুর ৯৯-তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশুদিবস উদযাপিত

— মুক্তিযুদ্ধের চেতনায় অসাম্প্রদায়িক দেশ গড়ার প্রত্যয়ের মধ্য দিয়ে ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপিত

— সড়ক দুর্ঘটনা রোধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছেন শিক্ষার্থীরা

— চাঁদাবাজির কারণে পণ্যের মূল্য বৃদ্ধি পাচ্ছে বলে ব্যবসায়ীদের অভিযোগ

— রোহিঙ্গা সংকটে পরিবেশের ব্যাপক ক্ষতি হচ্ছে বলে জনমতে প্রকাশ

## ভবিষ্যৎ প্রজন্মকে জাতির পিতার আদর্শে গড়ে তোলার মধ্যদিয়ে সারাদেশে বঙ্গবন্ধুর ৯৯-তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশুদিবস উদযাপিত

● যথাযোগ্য মর্যাদায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯-তম জন্মবার্ষিকী গত ১৭ মার্চ দেশব্যাপী উদযাপিত হয়েছে। ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্যদিয়ে এ দিনটি একইসঙ্গে সারাদেশে জাতীয় শিশু দিবস হিসেবেও উদযাপন করা হয়। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণসহ বিভিন্ন কর্মসূচিতে জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ পরিলক্ষিত হয়েছে বলে জনমতে প্রকাশ।

● এদিকে, বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশুদিবস উপলক্ষে বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠন শিশু সমাবেশ, আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করে। এসব অনুষ্ঠানে জাতির পিতার আদর্শ লালন ক'রে সুখী, সমৃদ্ধ এবং অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ে তোলার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করা হয়। এছাড়া, শিশুদের জন্য নিরাপদ ও তাদের সুন্দর ভবিষ্যৎ বিনির্মাণে বঙ্গবন্ধুর আদর্শে অনুপ্রাণিত হওয়ার ওপর গুরুত্বারোপ করেছে সুধীমহল।

## মুক্তিযুদ্ধের চেতনায় অসাম্প্রদায়িক দেশ গড়ার প্রত্যয়ের মধ্য দিয়ে ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপিত

● জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেশপ্রেমের আদর্শে উজ্জীবিত হয়ে দেশকে উত্তরোত্তর সমৃদ্ধি ও উন্নয়নের ধারায় এগিয়ে নিয়ে যাওয়ার অঙ্গীকারের মধ্য দিয়ে গত ২৬ মার্চ সারাদেশে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত হয়েছে। এ উপলক্ষে গৃহীত বিভিন্ন কর্মসূচিতে জনগণ মহান মুক্তিযুদ্ধের আদর্শভিত্তিক সুখী, সমৃদ্ধ ও অসাম্প্রদায়িক বাংলাদেশ প্রতিষ্ঠার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছে বলে জনমতে প্রকাশ।

## ☐ সড়ক দুর্ঘটনা রোধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছেন শিক্ষার্থীরা

- সড়কে বিশৃঙ্খলা ও রাজধানীতে কয়েকজন শিক্ষার্থীর নিহতের ঘটনায় সড়কে বিশৃঙ্খলা নিয়ন্ত্রণে কঠোর অবস্থান নিয়েছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) ট্রাফিক বিভাগ। গত ছয় মাসে পাঁচবার পালন করা হয়েছে ট্রাফিক সপ্তাহ, ট্রাফিক পক্ষ ও ট্রাফিক মাসের মতো নানা কর্মসূচি। কিন্তু মিলছে না সুফল।

- ঢাকা শহরের পরিবহণ সেক্টরে শৃঙ্খলা আনতে আমরা ব্যর্থ হয়েছি। এর জন্য সংশ্লিষ্ট সবাই দায়ী। গণপরিবহণে শৃঙ্খলা ফেরানোর চূড়ান্ত সময় এখন এসেছে। এ বিষয়ে নগর পরিকল্পনাবিদরা জানান, সড়কের পুরো সিস্টেমে ত্রুটি রেখে শৃঙ্খলা ফেরানোর জন্য ট্রাফিক পুলিশের যে চেষ্টা, তা কখনো সফল হবে না। ত্রুটিপূর্ণ সিস্টেমগুলোর অবকাঠামোগত উন্নয়ন ছাড়া এমন কর্মসূচি একসময় জনগণের জন্য বিরক্তিকর হয়ে দাঁড়াবে বলে জনমতে প্রকাশ।

## ☐ চাঁদাবাজির কারণে পণ্যের মূল্য বৃদ্ধি পাচ্ছে বলে ব্যবসায়ীদের অভিযোগ

- পণ্য পরিবহণে ঘাটে ঘাটে চাঁদাবাজির কারণে দেশে নিত্যপণ্যের দাম বাড়ছে বলে অভিযোগ করেছেন ব্যবসায়ীরা। তারা বলেছেন, চাঁদাবাজি বন্ধ করা গেলে নিত্যপণ্যের দামও অনেকটা কমে আসবে। আগামী রমজান মাসে দাম স্বাভাবিক রাখতে বাণিজ্য মন্ত্রণালয়ের এক বৈঠকে এ অভিযোগ করেন তারা। ব্যবসায়ীদের সঙ্গে একমত পোষন করেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশী। তিনি ব্যবসায়ীদের বলেন, ঘাটে ঘাটে চাঁদাবাজিতে পণ্যের দাম বৃদ্ধি পায়, আপনাদের এ বক্তব্যের সাথে আমি একমত। তবে এবার ঘাটে ঘাটে কোনো চাঁদাবাজি করতে দেয়া হবে না। আর চাঁদাবাজি হলে পুলিশ কঠোর ব্যবস্থা নেবে। বৈঠকে বাণিজ্যমন্ত্রী ব্যবসায়ীদের দাম স্বাভাবিক রাখতে সহযোগিতা চান। একই সঙ্গে চাঁদাবাজি কঠোরভাবে দমন করার লক্ষ্যে শীঘ্রই পদক্ষেপ গ্রহণ করা হবে।

## রোহিঙ্গা সংকটে পরিবেশের ব্যাপক ক্ষতি হচ্ছে বলে জনমতে প্রকাশ

- পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী মোঃ শাহাব উদ্দিন রোহিঙ্গা সংকটে বাংলাদেশের পরিবেশের ক্ষতি মোকাবিলায় জাতিসংঘ ও এর সহযোগী সংস্থাগুলোকে সহায়তা করা আহবান জানিয়েছেন। পাশাপাশি বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের কারনে স্বাস্থ্যগত ঝুঁকি মোকাবিলায় আর্থিক সহায়তা জোরদার করার আহবানও জানান তিনি। বাংলাদেশের অবস্থিত জাতিসংঘের বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধিরা মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে এলে মোঃ শাহাব উদ্দিন এ আহবান জানান।

---

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/প্রতিমা

Shukla
৩১/০৩/২০১৯

শুকলা বনিক
তথ্য ও ডকুমেন্টেশন অফিসার (অ.দা.)
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার